

আন্তর্জাতিক

মধ্যপ্রাচ্যে জ্বালানি সরবরাহের শঙ্কায় বাড়ল আন্তর্জাতিক তেলের দাম

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



মধ্যপ্রাচ্যে জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগের মধ্যে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বেড়েছে। ইরান ও যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর সম্ভাবনা কমে যাওয়ায় এ অঞ্চলের পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে উঠেছে।

মঙ্গলবার গ্রিনিচ মান সময় রাত ১২টা পর্যন্ত ব্রেন্ট ক্রুডের দাম ২৭ সেন্ট বা ০ দশমিক ৩ শতাংশ বেড়েছে। এতে প্রতি ব্যারেলে তেলের দাম দাঁড়িয়েছে ৯১ দশমিক ১৪ ডলার। এর আগে আগের সেশনে ব্রেন্টের দাম জুলাইয়ের শেষের পর সর্বোচ্চ পর্যায়ে উঠেছিল।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম বেড়েছে ৪২ সেন্ট। প্রতি ব্যারেলের দাম দাঁড়িয়েছে ৮৫ দশমিক ০৪ ডলার। দিনের শুরুতে ডব্লিউটিআইয়ের দাম ১ শতাংশের বেশি বেড়ে ৮৫ দশমিক ৩৭ ডলারে উঠেছিল।

ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্রের যুদ্ধ অবসানের কোনো সমঝোতা হওয়ার সম্ভাবনা ক্রমেই কমছে। এর মধ্যে তেহরান আরও আক্রমণাত্মক অবস্থান নেওয়ার ঘোষণা দিয়েছে। অন্যদিকে ওয়াশিংটনও যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর সম্ভাবনা নাকচ করেছে।

এ পরিস্থিতিতে মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহে বিঘ্ন ঘটার আশঙ্কা তৈরি হয়েছে। বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, সরবরাহে বড় ধরনের

ব্যাঘাত ঘটলে বিশ্ববাজারে তেলের দাম আরও বাড়তে পারে।

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় কেপপাস্ত্র-ড্রোন হামলার দাবি ছতিদেবর
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক কেপপাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



ছতিদেবর বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছতিদেবর বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথীদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথীদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/mdhjprachje-jbalani-srbraher-shngkay-barl-antrjatik-teler-dam>